

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২৭২

মোহনপুর, ১৬ ডিসেম্বর, ২০২৩

মোহনপুর পুরপরিষদ ভিত্তিক বিকাশ শিবির

প্রধানমন্ত্রী বিকশিত ভারত গড়ে তোলার উদ্যোগ নিয়েছেন : কৃষিমন্ত্রী

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বিকশিত ভারত গড়ে তোলার উদ্যোগ নিয়েছেন। এই লক্ষ্যে বিভিন্ন পরিকল্পনা নিয়ে কেন্দ্রীয় সরকার কাজ করছে। যার সুফল এই রাজ্যের মানুষও পাচ্ছেন। আজ মোহনপুর মহকুমা শাসক কার্যালয় প্রাঙ্গণে মোহনপুর পুরপরিষদ ভিত্তিক বিকাশ শিবিরের উদ্বোধন করে কৃষি ও কৃষক কল্যাণমন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে এই বিকাশ শিবিরের আয়োজন করা হয়। বিকাশ শিবির উপলক্ষে এক মেগা রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে কৃষিমন্ত্রী বলেন, কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প ও পরিষেবার সুবিধা মানুষের কাছে পৌঁছে দিতেই এই দুই কর্মসূচির সূচনা হয়েছে। বিকশিত ভারত সংকল্প যাত্রায় যারা এখনও কেন্দ্রীয় ফ্ল্যাগশিপ প্রকল্পের আওতায় আসেননি তাদেরকে কেন্দ্রীয় ফ্ল্যাগশিপ প্রকল্পগুলির আওতায় নিয়ে আসা হচ্ছে। সেই সাথে প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে রাজ্যের জনসাধারণকে বিভিন্ন সরকারি প্রকল্প ও পরিষেবার সহায়তা দেওয়া হচ্ছে।

অনুষ্ঠানে কৃষিমন্ত্রী আরও বলেন, রাজ্যে গত বছর থেকে প্রথম প্রতি ঘরে সুশাসন অভিযানের সূচনা হয়েছে। প্রথমবার রাজ্যের ২৩ লক্ষ ৩২ হাজার মানুষ এই অভিযানে উপকৃত হয়েছেন। এরমধ্যে বিভিন্ন প্রকল্পের সুবিধা পেয়েছেন ১৬ লক্ষ ৬২ হাজার ৪৮৯ জন। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশের সার্বিক বিকাশে কাজ করছে। সবকা সাথে সবকা বিকাশই প্রধানমন্ত্রীর মূল লক্ষ্য। প্রধানমন্ত্রীর নির্দেশিত পথেই রাজ্য সরকার রাজ্যের সার্বিক বিকাশ ও জনগণের কল্যাণে কাজ করছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মোহনপুর পুরপরিষদের চেয়ারপার্সন অনিতা দেবনাথ, মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রীণা দেববর্মা, বামুটিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শীলা দাস সেন, হেজামারা বিএসির চেয়ারম্যান সুনীল দেববর্মা প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মোহনপুর মহকুমা মহকুমা শাসক সুতাষ দত্ত।

মোহনপুর পুরপরিষদ ভিত্তিক বিকাশ শিবির উপলক্ষে কৃষিমন্ত্রী রতনলাল নাথ তোক্তা সচেতনতা শিবির ও ন্যায্যমূল্যের দোকানে নগদহীন লেনদেনের শুভ সূচনা করেন। বিকাশ শিবির উপলক্ষে বিভিন্ন দপ্তরের প্রদর্শনী স্টল খোলা হয়। এই স্টলগুলি থেকে পুরপরিষদ এলাকার নাগরিকদের বিভিন্ন প্রকল্প ও পরিষেবার সুবিধা প্রদান করা হয়। বিকাশ শিবির উপলক্ষে এদিন স্বসহায়ক দলের সদস্যদের নিয়ে এক বর্ণায় র্যালি অনুষ্ঠিত হয়।
